3 (Sem–1/CBCS) BEN-HG/RC

Rangapara College Library
Date............
রঙাপাৰা মহাবিদ্যালয়

# 2022

## BENGALI

( Honours Generic/Regular )

Paper : BEN–HG/RC–1016

( মধ্যযুগের সাহিত্য পাঠ )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলোর শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) "স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চূয়ত
বিকশিত ভাব-কদম্ব।।"

এটি কোন্ পর্যায়ের বৈষ্ণব পদ—পূর্বরাগ/গৌরাঙ্গ-বিষয়ক/অভিসার/প্রেমবৈচিত্ত্য?

(খ) "অঙ্কুর তপন তাপে যদি জারব
কি করব বারিদ মেহে।।"

'মেহে' শব্দটির অর্থ হল—মেঘে/মায়া/মোহ/জল।

(গ) "সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু"

পদটির রচয়িতা—চণ্ডীদাস/দ্বিজ চণ্ডীদাস/জ্ঞানদাস/গোবিন্দদাস।

(ঘ) "নাম-পরতাপে যার ঐছন করিল গো"
'ঐছন' শব্দের গদ্যরূপ হল—উচ্ছন্ন/অবশ/ভারাক্রান্ত/এ-রকম।

(ঙ) "বয়সে কিশোরী রাজার কুমারী"
এখানে কোন্ রাজার কুমারীর কথা আছে—কংস/বাসুদেব/সত্যবান/বৃষভানু?

(চ) "লহু লহু হাসে পহুঁ পিরীতির সার"
'পহুঁ' শব্দের গদ্যরূপ হল—পশু/প্রভু/পাণ্ডু/পড়ে।

(ছ) কোন্ মাসের অষ্টমী তিথিতে দেবী অন্নদার পুজো হয়?
বৈশাখ/আষাঢ়/ফাল্গুন/চৈত্র

(জ) "অচক্ষু সর্বত্র চান, ____ শুনিতে পান,
অপদ সর্বত্র গতাগতি।"
শূন্যস্থানের উপযুক্ত শব্দটি হল—আকর্ণ/অকর্ণ/স্পষ্ট/কিঞ্চিৎ।

(ঝ) নন্দী কার মাথা কেটে এনে দক্ষস্কন্ধে লাগিয়ে দিয়েছিলেন?
ছাগল/হাতি/ভালুক/বাঘ

(ঞ) কার আদেশে কামদেব শিবের ওপর পুষ্পশর নিক্ষেপ করেন?
অন্নদা/দক্ষ/ইন্দ্র/ব্রহ্মা

(ট) "মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে।"
'মাতঙ্গ' শব্দের অর্থ হল—মাহুত/হাতি/মহাজন/গর্তে





(ঠ) শাপগ্রস্ত বসুন্ধর কী নামে মনুষ্যরূপ নিয়েছিলেন?
কুবের/ব্যাসদেব/কৃষ্ণচন্দ্র/হরিহোড়

(ড) "জান তো জামাতার রীত, সদাই ____ মত।"
শূন্যস্থানের উপযুক্ত শব্দটি হল—দানবের/ভূতের/পাগলের/দেবতার।

(ঢ) "আর শুন অসম্ভব ____ চারিদিকে শিবারব হে।"
এখানে 'শিবা' হল—বাঘ/শৃগাল/পেঁচা/কুকুর।

(ণ) "ওহে প্রাণনাথ গিরিবর হে"
এখানে 'গিরিবর' হলেন—ব্রহ্মা/মৈনাক/হিমালয়/শিব।

(ত) "জয়া, বলো গো পাঠানো হবে না" পদটি রচনা করেছেন— রামপ্রসাদ/কবিকঙ্কণ/কমলাকান্ত/রাম বসু।

(থ) "বেরোও গণেশ-মাতা, ডাকে বারবার।" কে এভাবে ডেকেছেন—কার্তিক/মহাদেব/সরস্বতী/দক্ষ?

(দ) "ওগো রাণি, নগরে কোলাহল, উঠ চল চল।" পদটির রচয়িতা হলেন—কবিরঞ্জন/কমলাকান্ত/রামপ্রসাদ/দাশরথি।

২। নিম্নলিখিত যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) তোমার পাঠ্য বৈষ্ণব পদে নটবর গৌরকিশোর কে? 'নটবর' শব্দের অর্থ কী?

(খ) "সই কেবা শুনাইলে শ্যাম নাম"—সখীকে নাম শ্রবণের কথা কে বলছেন? এটি বৈষ্ণব পদাবলির কোন্ পর্যায়ের অন্তর্গত?

(গ) "উচল বলিয়া অচলে চড়িতে
পড়িনু অগাধ জলে।"

'উচল' ও 'অচল' শব্দ দুটির অর্থ লেখো।

(ঘ) জ্ঞানদাস চৈতন্য-পূর্ববর্তী না চৈতন্য-পরবর্তী কালের কবি? তাঁকে কোন্ রস-পর্যায়ের শ্রেষ্ঠ কবি বলা হয়?

(ঙ) শিববিবাহের পুরোহিত ও বরকর্তা কে কে ছিলেন?

(চ) "বুড়ার দাড়ি শনের নুড়া
ছারকপালে ছাইকপালে
দেখে পায় ডর লো।"

'বুড়া' কে? 'ছারকপালে' শব্দের অর্থ কী?

(ছ) "শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া"

কে, কাকে একথা বলেছেন?

(জ) "ভিখারী ত্রিশূলধারী যা চাহে, তা দিতে পারি"

বক্তা কে? তিনি কাকে 'ভিখারী' বলেছেন?

(ঝ) "মিছে আকিঞ্চন কেন করে ত্রিলোচন"

'ত্রিলোচন' কে? 'আকিঞ্চন' শব্দের অর্থ কী?

(ঞ) "এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে
মানব না।"

'মায়ে-ঝিয়ে' বলতে কাদের বোঝানো হয়েছে?





৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"অভিনব হেম কল্পতরু সঞ্চরু
সুরধুনী-তীরে উজোর।
চঞ্চল চরণ- কমলতলে ঝঙ্করু
ভকত-ভ্রমরগণ ভোর।।"

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"সই কেবা শুনাইলে শ্যাম নাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ।।"

(গ) অন্তর্নিহিত বক্তব্য বিশ্লেষণ করো :

"কুলিশ কত শত পাত-মোদিত
মউর নাচত মাতিয়া।
মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া।।"

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যের 'ব্যাসের প্রতি দৈববাণী' অংশ অবলম্বনে অন্নদা, জয়া এবং বিজয়াকে সহাস্যবদনে যে ভবিষ্যবাণী করেছিলেন তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যের 'হর-গৌরীকোন্দল' অংশ অবলম্বনে 'কোন্দল'-এর ছবিটি স্পষ্ট করো।

(চ) 'অন্নদামঙ্গল' কাব্যে শিবের ভিক্ষাযাত্রার ছবিটি বর্ণনা করো।

(ছ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"তব দেহ হে পাষাণ, এ-দেহে পাষাণ প্রাণ
এই হেতু এতক্ষণ না হলো বিদার।
তনয়া পরের ধন, বুঝিয়া না বুঝে মন,
হায় হায়, একি বিড়ম্বনা বিধাতার ।।"

(জ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"শুনেছি নারদের ঠাঁই, গায়ে মাখে চিতা-ছাই;
ভূষণ ভীষণ তার, গলে ফণি-হার।
এ-কথা কহিব কায়, সুধা ত্যাজি বিষ খায়,
কহ দেখি এ কোন্ বিচার ।।"

৪। তিনটি গুচ্ছ থেকে ন্যূনতম একটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

'ক'-গুচ্ছ

(ক) তোমার পাঠ্য পদ অবলম্বনে পূর্বরাগ পর্যায়ের পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব বিচার করো।

(খ) মাথুর কাকে বলে? তোমার পঠিত পদ অবলম্বনে এই রস-পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্বের পরিচয় দাও।

(গ) "সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু"

পদকর্তা এই পদে বৈষ্ণব রস-পর্যায়ের কোন্ স্তরটির ভাবরূপ অঙ্কন করেছেন? পদটি বিশ্লেষণ করো।





'খ'-গুচ্ছ

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে দেবী অন্নদার চরিত্ররূপ বিশ্লেষণ করো।

(ঙ) "শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া ।।"

এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে ব্যাসদেবের ভক্তি-শৈথিল্য, ধর্মচাঞ্চল্য এবং মর্মবেদনার পরিচয় দাও।

(চ) 'অন্নদামঙ্গল' কাব্যটির 'গ্রন্থসূচনা' অংশ অবলম্বনে সমকালীন সমাজজীবনের যে ছবি ভারতচন্দ্র তুলে ধরেছেন তা আলোচনা করো।

(ছ) সতীর দক্ষালয় গমন ও শিবনিন্দায় সতীর দেহত্যাগ বর্ণনা করে ভারতচন্দ্রের রচনা-বৈশিষ্ট্যের পরিচয় দাও।

'গ'-গুচ্ছ

(জ) শাক্তপদাবলির অন্তর্গত তোমার পঠিত পদ অবলম্বনে রামপ্রসাদ বাঙালি মায়ের আকুতিকে কীভাবে ফুটিয়ে তুলেছেন তা বিশ্লেষণ করো।

(ঝ) শাক্তপদাবলির বিজয়া পর্যায়ের পদে কমলাকান্ত ভট্টাচার্যের কৃতিত্ব বিষয়ে আলোচনা করো।

(ঞ) শাক্তপদাবলিতে আগমনী পর্যায়ের গান বলতে কোন্ ধরনের গানগুলিকে বোঝানো হয়েছে? তোমার পঠিত এই ধরনের গানের বৈশিষ্ট্য সম্পর্কে যথাযথ আলোচনা করো। ২+৮=১০

★ ★ ★